উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা
:-নোটিশ-:

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৪- ৭১১

তারিখ: ১৮.০৭.২০২৪ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের জুলাই/২০২৪ মাসের মাসিক সাধারণ সভা আগামী ২৫ জুলাই ২০২৪ খ্রি: রোজ বৃহস্পতিবার বেলা ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় আলোচ্য সূচী:

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। প্যানেল চেয়ারম্যান-০১ ও ০২ গঠন এবং অনুমোদন সংক্রান্ত।
০৩ এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৪। বিভাগীয় আলোচনা।
০৫। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৬। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৭। হাটবাজার সংক্রান্ত।
০৮। বিবিধ আলোচনা।

১৮/০৭/২০২৪
(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৪- ৭১১

তারিখ: ১৮.০৭.২০২৪ খ্রি.

বিতরণকার্যার্থেঃ -

.. ................................................... (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৯, নেত্রকোণা-৩ (কেন্দুয়া-আটপাড়া নির্বাচনী এলাকা)।
২। জেলা প্রশাসক, নেত্রকোণা।

১৮/০৭/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর জুলাই ২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোফাজ্জল হোসেন ভূঞা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

সভার তারিখ : ২৫ জুলাই ২০২৪ খ্রি.

সময় : বেলা ১২.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য

অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র-নং | দপ্তর/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | উপজেলা পরিষদ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ১৫(১) মোতাবেক এবং জেলা প্রশাসকের, নেত্রকোণা মহোদয় কার্যালয়ের ০৬ মে ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৯৮.২০-৩০০ নং স্মারক পত্রের আলোকে ১ম সভার এক মাসের মধ্যে অত্র উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়ের মধ্য হতে অগ্রাধিকারক্রমে দুই সদস্যবিশিষ্ট একটি চেয়ারম্যানের প্যানেল নির্বাচন করতে হবে। তিনি অদ্যকার সভার ১ নং এজেন্ডা হিসেবে প্যানেল চেয়ারম্যান-১ প্যানেল চেয়ারম্যান-২ নির্বাচনের জন্য সভা সদস্যবর্গকে অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং ০২ জন ভাইস চেয়ারম্যান নিজেদের মাঝে আলোচনা করে যে, প্যানেল চেয়াম্যান-১ হিসেবে জনাব সেলিনা বেগম এবং প্যানেল চেয়ারম্যান-২ হিসেবে জনাব মাওলানা মো: হারুনুর রশিদ হবেন এই মর্মে ঐক্যমতে পৌছেন। | ০২ জন ভাইস চেয়ারম্যানের সমঝোতার ভিত্তিতে সর্বসম্মতিক্রমে ৩০/০৬/২০২৪ খ্রি.হতে ৩১/১২/২০২৬ খ্রি. পর্যন্ত কেন্দুয়া উপজেলার ৬ষ্ঠ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব সেলিনা বেগম, প্যানেল চেয়ারম্যান-১ এবং জনাব মাওলানা মো: হারুনুর রশিদ প্যানেল চেয়ারম্যান-২ নির্বাচিত হন। অবশিষ্ট সময়ে ০১/০১/২০২৭ খ্রি. হতে ২৯/০৬/২০২৯খ্রি. পর্যন্ত মাওলানা মো: হারুনুর রশিদ প্যানেল চেয়ারম্যান-১ এবং জনাব সেলিনা বেগম প্যানেল চেয়ারম্যান-২ নির্বাচিত হন। | উপজেলা পরিষদ |
| ২. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অর্থ বছরের শুরুতেই বিভিন্ন প্রকল্প গ্রহণের তালিকা নিম্নস্বাক্ষরকারীর কাযালয়ে জমা প্রদান করলে প্রকল্প যাচাই-বাছাই করতে সুবিধা হয় ফলে কোন প্রকল্প একাধিক বার হওয়ার সম্ভাবনা থাকে না এবং প্রত্যেক বাস্তবায়িত প্রকল্পে প্রকল্প গ্রহণের সংস্থা, প্রকল্পের বরাদ্দ, তারিখ ইত্যাদি লেখা সম্ভলিত নাম ফলক থাকলে কাজের স্বচ্ছতা থাকে। মাসিক সাধারণ সভায় সংশ্লিষ্ট দপ্তরের দায়িত্বশীল কর্মকর্তাদের নির্ধারিত সময়ে উপস্থিত না থাকলে বিভিন্ন বিষয়ে আলোচনার সমাধান হয় না। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে কি না এবং জেনারেটর, আইপিএসসহ অন্যান্য যন্ত্রপাতি মেরামতের বরাদ্দ যতাযত ভাবে ব্যয় হয়েছে কিনা তার ব্যয় বিবরণী দাখিল করার জন্য অনুরোধ করা হয়। তাছাড়া হাসপাতে যে সমস্ত যন্ত্রাংশ অকেজো অবস্থায় রয়েছে তার তালিকা প্রদান করার আলোচনা করা হয়। | বিভিন্ন প্রকল্প সঠিক ভাবে যাচাই বাছাই করার জন্য সকল ইউনিয়ন থেকে প্রকল্পের তালিকা দ্রুততম সময়ের মধ্যে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের দায়িত্বশীল কর্মকর্তা বিভিন্ন ব্যয় বিবরণী নিয়ে উপস্থিত হওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| ৩. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। চলমান পরীক্ষা ও ছাত্র আন্দোলনে জরুরী সেবা প্রদানের লক্ষ্যে মেডিকেল টিম গঠন করা হয়েছে। তাছাড়া স্বাস্থ্য বিভাগে পর্যাপ্ত জনবলের অভাব রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর |
| ৪. | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, আগামী মাসে বিনামূল্যে উপজেলার প্রতিটি ইউনিয়নে ফ্রী পিপিআর টিকা ক্যাম্পেইন পরিচালিত হবে। এতে সকল জনপ্রতিনিধিগণের সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। কৃত্রিম কাযক্রম ও চিকিৎসা কাযক্রম এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান সকল |
| ৫. | উপজেলা প্রকৌশল | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরের এডিপির বরাদ্দকৃত টাকায় গৃহিত পিআইসি ও টেন্ডারের কাজ সম্পন্ন হয়েছে। | নতুন রাস্তা আইডিভুক্ত করার যথাযথ প্রক্রিয়া গ্রহণ করবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ |

| | | | | |
|---|---|---|---|---|
| | (এলজিইডি বিভাগ) | তাছাড়া সকল ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, উপজেলায় যদি কোনো রাস্তায় নতুন আইডভূক্ত করার প্রয়োজন হয় তাহলে উপজেলা প্রকৌশলীর দপ্তরে জরুরি ভিত্তিতে তালিকা জমা দেওয়ার আহবান করেন। কেন্দুয়া মদন রাস্তায় কেন্দুয়া সরকারি কলেজের সামনে বেশ কয়েকটি বড় গর্ত হয়ে যাওয়ার ফলে প্রতিনিয়ত দূর্ঘটনা ঘটছে জরুরী ভিত্তিতে রাস্তাটি মেরামত করা প্রয়োজন। এলজিডি রাস্তা, হাইওয়ে রাস্তা ও বিভিন্ন গ্রামীণ রাস্তার পাশে পুকুর খনন করাতে রাস্তার অনেক ক্ষতি হচ্ছে। রাস্তার পাশে যাদের পুকুর রয়েছে তাদেরকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করার প্রক্রিয়া চলমান। | কেন্দুয়া মদন রাস্তায় কেন্দুয়া সরকারি কলেজের সামনে জরুরী ভিত্তিতে গর্ত ভরাটের জন্য রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। বিভিন্ন রাস্তার পাশে যাদের পুকুর রয়েছে তাদের কারন দর্শানোর নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ৬. | উপজেলা কৃষি বিভাগ | নিয়মিত কাযক্রম: আসন্ন খরিপ-২ মৌসুমে রোপাআমন বীজতলার লক্ষ্যমাত্রা ১০১০ হেক্টর ও আবাদ লক্ষ্যমাত্রা ২০৩৫০ হেক্টর । লক্ষ্যমাত্রা পুরণ করতে শতভাগ আদর্শ বীজতলা ও যথাসময়ে রোপনের ব্যবস্থা গ্রহন করা হয়েছে। সার ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক রাখতে মনিটরিং কাযক্রম চলমান এবং কোন প্রকার সংকট নেই।<br>উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিষয়: অত্র উপজেলায় বিভিন্ন ফসলে আধুনিক জাত সম্প্রসারণের জন্য চলতি খরিপ-১ মৌসুমে আউশ আবাদে ব্রিধান ৪৮, ব্রিধান ৮৫, ব্রিধান ৯৮, বিনা ১৯, বিনা ২১সহ অন্যান্য আধুনিক জাত চাষ করা হয়েছে। এছাড়া পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন, মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশবান্ধব ভার্মি কম্পোষ্ট ও ট্রাইকো কম্পোষ্ট সার উৎপাদন ব্যবহার ও কাযক্রম সম্পন্ন হয়েছে। ৬টি ইউনিয়নে সরাসরি কৃষকদের সেবা দানের জন্য ফিয়াক সেন্টার স্থাপন করা হয়েছে। অর্থবছরের সংশ্লিষ্ট সকল কাযক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।<br>কৃষি প্রণোদনা কাযক্রম: ২০২৩-২৪ অর্থবছরে খরিফ-২/২০২৪-২৫ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে ১৫০০ জনকে উফশী রোপাআমন ধান ফসলের বিনামূল্যে বীজ ও সার বিতরণ উদ্দেশ্যে তালিকা তৈরীর কাযক্রম চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৭. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির জন্য নিয়মিত অভিযান/মোইবল কোর্ট চলমান রয়েছে। ৩০ জুলাই-০৫ আগস্ট/২০২৪ পযন্ত মৎস্য সপ্তাহ পালিত হবে। উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য অভয়াশ্রম রক্ষা করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৮. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থবছরের তিনটি ব্রীজের কাজ ৮০% সম্পন্ন হয়েছে; বর্ষার কারনে কাজ শেষ হয়নি; খুব দ্রুতই কাজ শেষ হবে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান । | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৯. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ চক্রের ডিডব্লিউবি কর্মসূচীর আওতায় ১৩টি ইউনিয়নের বরাদ্দ ১৬২৫ জনের ২০২৪-২৫ অর্থ বছরের প্রত্যেক উপকার ভোগীদের ৩০কেজিজ প্যাকেটজাত চালের না বরাদ্দ পাওয়া জুলাই/২৪ মাসের ডিও ছাড়পত্র প্রদান করা সম্ভাব হয় নাই। বরাদ্দ পাওয়ার সাথে সাথে ডিও দেওয়া হবে। ১৩টি ইউনিয়নের মা ও শিশু সহায়তা কর্মসূচি ২০২৪-২৫ অর্থ বছরের কার্ড বরাদ্দ না থাকায় নতুন করে আবেদন নেওয়া সম্ভভব হচ্ছে না পরর্বর্তী বরাদ্দ আসলে আবেদন নেওয়া হবে। ০১টি পৌরসভায় মা ও শিশু সহায়তা কর্মসূচি ২০২৪-২৫ অর্থ বছরের কার্ড বরাদ্দ না থাকায় নতুন করে আবেদন নেওয়া সম্ভব হচ্ছে না পরর্বর্তীতে বরাদ্দ আসলে আবেদন গ্রহণ করা হবে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১০. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। কেন্দ্রগুলো হলো কান্দিউড়া, গড়াডোবা, গন্ডা, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলার মোট সক্ষম দম্পতি: ৬০৬২৬। খাবার বড়ি গ্রহণকারী ২১১২৪। ইনজেকটেবলস গ্রহণকারী ৪৫৭৬। কনডম গ্রহণকারী ১৯৬৫। আই ইউ ডি গ্রহণকারী ১৫১১। ইস্প্লান্ট গ্রহণকারী ১৬১০ স্থায়ী পদ্ধতি ভেসেক্টমি গ্রহীতা ৪০৩১ ও টিউবেটমি গ্রহীতা ৬২৫০জন দম্পতি। মোট পদ্ধতি গ্রহীতা ৪৭৪১৯জন দম্পতি। গত জানুয়ারী/২৪ মাস থেকে জন্ম নিয়ন্ত্রণ সামগ্রীর পর্যাপ্ত সরবরাহ পাওয়া যাচ্ছেনা বিধায় স্বাভাবিক কাযক্রম ব্যাহত হচ্ছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। | | |
| ১১. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় বলেন যে, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ খেলা সরকারি প্রথমিক বিদ্যালয়ে টুর্নামেন্ট সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>ইউপি চেয়ারম্যান সকল |
| ১২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সভায় জানান যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১৩. | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় আগামী ২০২৪-২৫ অর্থ বছরে মোট ১৪টি ব্যাচ প্রশিক্ষণ করানো হবে। ৩০জন যুব ও যুব নারী মিলে একটি ব্যাচ হবে। কেন্দুয়া উপজেলায় স্থায়ী বাসিন্দা কমপক্ষে ৫ম শ্রেণী পাস ও ১৮ থেকে ৩৫ বছর বয়সী বেকার যুবদেরকে বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধিমূলক অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রশিক্ষানার্থীদের স্ব স্ব এলাকায় প্রদান করা হবে। এ ছাড়াও তিনি বিপুল পরিমাণ খেলাপী ঋণ আদায়ে সকল সম্মানিত জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তার সদয় সহযোগিতা কামনা করেন। | নীতিমালা অনুযায়ী যাথাযথ প্রক্রিয়ার মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে। খেলাপী ঋণ আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>ইউপি চেয়ারম্যান সকল |
| ১৪. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,২০২৩-২০২৪ অর্থবছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধীদের ভাতার কাযক্রম শেষ হয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে অনলাইন আবেদন শুরু হলে এবং পরে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে যাচাই-বাছাই কাযক্রম শুরু করতে হবে। এর জন্য প্রয়োজনীয় নির্দেশনা পেলে সভা করে জানানো হবে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেব কর্মকর্তা<br>ইউপি চেয়ারম্যান সকল |
| ১৫. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তর হতে ২০২৩-২৪ অর্থ বছরে ১,২০,০০,০০০.০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিতরণকৃত ঋণ কিস্তিতে আদায় হচ্ছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক(সিনিয়র অফিসার) পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, বর্তমানে পল্লী সঞ্চয় ব্যাংকের সদস্য সংখ্যা ১৪,৩৩৪জন। ঋণ গ্রহীতা সদস্য সংখ্যা ৯,৭৭৭জন। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। আপাতত কোনো সমস্যা নেই মর্মে জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৭. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা সমবায় বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মোজাফরপুর আশ্রয়ন প্রকল্পের নতুন ঋণ আদায়ের হার ১০০%। পুরাতন খেলাপি ঋন আদায়ের জোর প্রচেষ্টা চলছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৮. | তথ্য সেবা বিভাগ | তথ্য আপা সভায় বলেন যে, গ্রামীণ তৃণমূল পর্যায়ের সকল মহিলাদের ডোর টু ডোর গিয়ে সেবা প্রদান করা হচ্ছে। উঠান বৈঠক আপাতত স্থগিত রয়েছে। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | তথ্য সেবা কর্মকর্তা |
| ১৯. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, বর্তমানে স্মার্ট বাংলাদেশ মিশনে প্রত্যেকটি দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করা খুবই জরুরি। কিন্তু আমাদের উপজেলার অনেক দপ্তর রয়েছে যেখানে ওয়েব পোর্টাল আপডেট করা নেই। তাই দ্রুত সময়ের মধ্যে স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করার জন্য সংশ্লিস্ট দপ্তর প্রধানগনকে অনুরোধ করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | খুব দ্রুত সময়ের মধ্যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাত করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধানগণ<br>সহকারী প্রোগ্রামার |
| ২০. | গড়াডোবা ইউপি | চেয়ারম্যান, গড়াডোবা ইউনিয়ন পরিষদ, কেন্দুয়া, সভায় জানান যে, রেন্টিতলা হতে সান্দিকোনা রাস্তা খুবই খারাপ দ্রুত মেরামত করা প্রয়োজন। বিভিন্ন সময়ে কৃষি অফিসে কৃষকদের জন্য বিভিন্ন প্রনোদনা আসে তা যেন সমহারে বন্টন করা হয় যাতে করে প্রকৃত কৃষকরা উক্ত প্রনোদনা পায়। | সংশ্লিষ্ট দপ্তর উল্লেখিত সমস্যা সমাধানের চেষ্টা করবেন। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | চেয়ারম্যান গড়াডোবা ও সংশ্লিষ্ট সকল |
| ২১ | দলপা ইউপি | চেয়ারম্যান, দলপা ইউনিয়ন পরিষদ, কেন্দুয়া, সভায় জানান, যে গত অর্থবছরের জনস্বাস্থ্য অফিস কর্তৃক টেন্ডারকৃত গভীর নলকূপ স্থাপনের | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কাজ শেষ হলেও এখনো পাকাকরনের কাজ ও পানির ট্যাংকি সরবরাহ করা হয়নি। | মর্মে জানান। | চেয়ারম্যান দলপা |
| ২২. | মাসকা ইউপি | চেয়ারম্যান, মাসকা ইউনিয়ন পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা সভায় জানান ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। জয়কা সাতাশি রাস্তার পাশে পুকুর থাকার ফলে রাস্তার অনেক ক্ষতি হচ্ছে মর্মে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। | উপজেলা প্রকৌশলী এলজিইডি রাস্তার পাশে পুকুরের মালিকদের কারণ দর্শানোর নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, চেয়ারম্যান মাসকা |
| ২৩. | পাইকুড়া ইউপি | চেয়ারম্যান, পাইকুড়া ইউনিয়ন পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা সভায় জানান রোয়াইলবাড়ী হতে শিমুলতলী রাস্তায় কিছু গর্ত রয়েছে তা দ্রুত মেরামত করা প্রয়োজন। | উপজেলা প্রকৌশলী এলজিইডি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, চেয়ারম্যান পাইকুড়া |
| ২৪. | চিরাং ইউপি | চেয়ারম্যান, চিরাং ইউনিয়ন পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা সভায় জানান চিরাং বাজারে অল্প একটু বৃষ্টি হলেই বাজারের মধ্যে পানি জমে যায়। পানি নিষ্কাষনের জন্য কোনো ব্যবস্থা নেই। তাই বাজারে পানি নিস্কাষনের জন্য ড্রেন নির্মাণের প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। | নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান চিরাং |
| ২৫ | উপজেলা পরিষদ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া সভায় বলেন যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অবস্থা খুবই খারপ। রোগীদের থাকার জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন নয় এবং তাদের সাথে কথা বলে জানা যায় স্টাফের স্বল্পতা রয়েছে। হাসপাতালের জেনারেটর নষ্ট থাকার ফলে লোডশেডিংয়ে রোগীদের অনেক কষ্ট হয়। তাছাড়াও খোজ নিয়ে দেখা যায় যে, আইপিএস, জেনারেটরসহ অনেক যন্ত্রপাতি দীর্ঘদিন যাবৎ নষ্ট অবস্থায় পরে রয়েছে এগুলো মোরামত করার জন্য হাসপাতাল কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। তাছাড়া উপজেলা পরিষদ মিলনায়নে বাহিরের অংশে রংকরণ, ভিতরের অংশে দরজা জানালা মেরামত, চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে বাহিরের অংশে রং নষ্ট হয়ে গিয়েছে তাই নতুন করে মেরামত ও রং করা প্রয়োজন। | ২০২৩-২৪ অর্থ বছরে জেনারেটর, আইপিএসসহ অন্যান্য যন্ত্রাংশের মেরামত খাতে কোনো বরাদ্দ ছিল কিনা? যদি বরাদ্দ থাকে তাহলে কোন কোন যন্ত্রপাতি মেরামত করা হয়েছে তার প্রতিবেদন নির্বাহী কর্মকর্তা নিকট জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। উপজেলা পরিষদের রংকরণ ও মেরামত কাজ রাজস্ব তহবিলের বাসা বাড়ি মেরামত খাত হতে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ. উপজেলা নির্বাহী অফিসার. উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা উপজেলা প্রকৌশলী |
| বিবিধ -১ | | চেয়ারম্যান উপজেলা পরিষদ নিম্নোক্ত খরচগুলো অনুমোদনের প্রস্তাব করেন। ০১. ঐতিহাসিক নাজিরপুর দিবস উদযাপনের লক্ষ্যে যাতায়াত ও আনুসাঙ্গিক খরচ বাবদ ২০,০০০/- চেক নং-৭১৮৩৮৫০ তারিখ: ১৮.০৭.২৪ মূলে বীরমুক্তিযোদ্ধা জনাব বজলুর রহমানকে প্রদান করা হয়। ০২. উপজেলা পরিষদের সিসি ক্যামেরা স্থাপন, মেরামত ও আনুসাঙ্গিক খরচ বাবদ ২২,৩৭৫/- চেক নং-৭১৮৩৮৫১ তারিখ: ১৮.০৭.২০২৪ মূলে জনাব মো: শাহীন মিয়া, অফিস সহককারী ইউএনও অফিস, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১৮৭৫টাকা ও আয়কর বাবদ ৭৫০ যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৮৫২,৭১৮৩৮৫৩ তারিখ: ১৮.০৭.২৪ মূলে প্রদান। ০৩. উপজেলা পরিষদের সিসি ক্যামেরা স্থাপন, মেরামত ও আনুসাঙ্গিক খরচ বাবদ ২২,৩৭৫/- চেক নং-৭১৮৩৮৫৪ তারিখ: ১৮.০৭.২০২৪ মূলে জনাব মো: আমান উল্লাহ, সাট মুদ্রাক্ষরিক, উপজেলা পরিষদ, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১৮৭৫/-টাকা ও আয়কর বাবদ ৭৫০/- যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৮৫৫,৭১৮৩৮৫৬ তারিখ: ১৮.০৭.২৪ মূলে প্রদান। ০৪. উপজেলা পরিষদের সিসি ক্যামেরা স্থাপন, মেরামত ও আনুসাঙ্গিক খরচ বাবদ ২২,৩৭৫/- চেক নং-৭১৮৩৮৫৭ তারিখ: ১৮.০৭.২০২৪ মূলে জনাব মো: আব্দুল আজিজ, সার্টিফিকেট সহককারী, ইউএনও অফিস, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১৮৭৫/-টাকা ও আয়কর বাবদ ৭৫০/- যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৮৫৮,৭১৮৩৮৫৯ তারিখ: ১৮.০৭.২৪ মূলে প্রদান। ০৫. উপজেলা পরিষদের সিসি ক্যামেরা স্থাপন, মেরামত ও আনুসাঙ্গিক খরচ বাবদ ২২,৩৭৫/- চেক নং-৭১৮৩৮৬০ তারিখ: ১৮.০৭.২০২৪ মূলে জনাব মো: মনিরুল ইসলাম, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১৮৭৫/-টাকা ও আয়কর বাবদ | ০১ নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের খাত হতে, ২, ৩, ৪ ও ৫ নং ক্রমিকে খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সিসি ক্যামেরা স্থাপন ও মেরামত খাত হতে, ৬নং ক্রমিকে খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের কম্পিউটার ও যন্ত্রাংশ মেরামত খাত হতে এবং ৭নং ক্রমিকে খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল পরিস্কার পরিচ্ছন্ন খাত হয়ে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ. উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৭৫০/- যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৮৬১,৭১৮৩৮৬২ তারিখ: ১৮.০৭.২৪ মূলে প্রদান। ০৬. উপজেলা পরিষদের ব্যবহৃত কম্পিউটার মেরামত ও আনুসাঙ্গিক খরচ বাবদ ১৪,৩২০/- চেক নং-৭১৮৩৮৬৩ তারিখ: ১৮.০৭.২০২৪ মূলে জনাব মো: আমান উল্লাহ, সাট মুদ্রাক্ষরিক, উপজেলা পরিষদ, কেন্দুয়াকে প্রদান সেই. সাথে ভ্যাট বাবদ ১,২০০/- টাকা ও আয়কর বাবদ ৪৮০/- যথাক্রমে ক্রসড় চেক. নং ৭১৮৩৮৬৪,৭১৮৩৮৬৫ তারিখ: ১৮.০৭.২৪ মূলে প্রদান। ০৭. উপজেলা পরিষদ এলাকায় ঝোপঝাড়, আগাছা, ড্রেন, বিল্ডিংয়ের ছাদ পরিস্কার বাবদ ২২,৩৭৫/- চেক নং-৭১৮৩৮৬৭ তারিখ: ১৮.০৭.২০২৪ মূলে জনাব মো: মিলন, শ্রমিক, কাঁশিপুর, কেন্দুয়াকে প্রদান সেই সাথে ভ্যাট বাবদ ১৮৭৫/-টাকা ও আয়কর বাবদ ৭৫০/- যথাক্রমে ক্রসড চেক নং ৭১৮৩৮৬৭,৭১৮৩৮৬৮ তারিখ: ১৮.০৭.২৪ মূলে প্রদান। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোফাজ্জল হোসেন ভূঞা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখ: ২৫ জুলাই ২০২৪ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৭৬০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা।

২৫/০৭/২০২৪

(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখ: ২৫ জুলাই ২০২৪ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৭৬০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা।
৩। উপজেলা ........................................ কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা।
৪। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৫। অফিস কপি।

২৫/০৭/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা